

# প্রবাস-প্রজন্ম ও ভাষা - বেগে না আবেগে?

ড. শামস্ রহমান

মাটি-মানুষ, জলবায়ু ও সার্বিক পারিপার্শ্বিকতা, এসব নিয়েই হয় context। কোন ভৌগলিক ভূখন্ডের শব্দাবলী এবং সেই ভূখন্ডের মাটি-মানুষ ও জলবায়ু সমন্বয়ে সৃষ্ট যে বিমূর্ত-প্রকাশ, সেটাই ভাষা। চাম্চাওয়ালার, নিষিদ্ধ উপন্যাস The Satanic Verses-এর একটি প্রধান চরিত্র। শব্দটি একদিকে বিশেষ্য; অন্যদিকে বিশেষণও বটে - যার অন্তর্নিহিত গুণাবলী উপমহাদেশের মাটি-মানুষ ও পারিপার্শ্বিকতাকে ঘিরে তৈরী। Somerset Maugham-এর বিখ্যাত 'The Luncheon' গল্পে asparagus শব্দটি (শজিটি) বিশেষভাবে তাৎপর্যপূর্ণ। চাম্চাওয়ালার ও asparagus, উভয় শব্দই context-এ ঘেরা - একটি উপমহাদেশীয়, অন্যটি ইউরোপীয়। ভাষা যদি মনের ভাব প্রকাশের বাহক হয়ে থাকে, তবে চাম্চাওয়ালার বৈশিষ্ট্য আর asparagus-এর স্বাদ-গন্ধও ভাষার অঙ্গ। প্রবাস-প্রজন্ম আমাদের মাতৃভাষা শিক্ষার ক্ষেত্রে সেই context থেকে বিচ্ছিন্ন। তবে স্বীকার্য যে, globalisation-এর হাওয়ায় context-এর পরিধি উত্তরোত্তর ব্যাপ্তির পথে। সেখানেই আশার আলো।

ভাষা, যে কোন ভূখন্ডের সামগ্রিক কর্মকান্ডের একটি প্রধান উপকরণ। সেদিক বিচারে, এর প্রভাব শুধুই সাংস্কৃতিক অঙ্গনেই সীমাবদ্ধ নয় - যা কিনা প্রতিনিয়ত প্রতীয়মান। তুলনামূলকভাবে অস্বচ্ছ হলেও, ভাষার একটি অর্থনৈতিক দিক আছে। ভাষার context-এ যদি মাটি-মানুষ ও জলবায়ুর সাথে 'অর্থনৈতিক' মাত্রার সংযোজন ঘটে, সেক্ষেত্রে প্রবাস-প্রজন্মের পক্ষে বাংলা ভাষা শিক্ষার ক্ষেত্রটি জটিল থেকে জটিলতর হয়ে উঠে। আর সেখানেই ভয়।

অনাস্বীকার্য যে, প্রবাস-প্রজন্মের মাঝে মাতৃভাষার প্রসার ঘটানোর ব্যাপারে আবেগ কিছুটা হলেও কাজ করে থাকে। থাকাটাই স্বাভাবিক। অন্যদিকে, সমাজে অর্থনৈতিক কর্মকাণ্ডে 'বেগ' আসে 'চাহিদা-সরবরাহের' চক্র। এ এক কঠিন চক্র, যদিও তা মানুষেরই সহজাত প্রবৃত্তির প্রতিফলন। তাই এ চক্রে প্রবর্তিত সমাজ মানবিক দৃষ্টিকোণের 'ভাল-মন্দ' বিশ্লেষণের উর্ধে। মানবিক মাপকাঠিতে যাই দাঁড়াক না কেন, context-এ আবদ্ধ rationalism-এর চক্র চলে তার নিজস্ব গতিতে। অতীতে intervention কিছুটা থাকলেও, আজ তা প্রায় শূন্যের কোঠায়। এ চক্র ডিঙ্গিয়ে যারা গত পঞ্চাশ থেকে আশি বছর ধরে, লালন করেছে অর্থনৈতিক উন্নতির অন্য আর এক চক্র, শেষাঙ্গি, তারাও ভুল প্রমাণিত হয়েছে বাস্তবতার কাছে। যদি বেগে লাগে আবেগের ছোঁয়া, সন্দেহ নেই, ভাটা পরে বেগে। সেটা অবশ্যি, বিশুদ্ধ বিশ্লেষণের ব্যাখ্যা; কিংবা, zero-sum-এর সরল সমীকরণের ফলাফল। অন্যদিকে, synergic প্রভাবও সম্ভব। তাই বেগ-আবেগের সঠিক সমন্বয়ে সৃষ্ট ধারা প্রবাহিত হতে পারে 'দুয়ে-দুয়ে পাঁচের' বেগে। এখানে সমন্বয়ই মূল কথা। তবে সে সমন্বয় সময়ে ঘটবে - তার জন্য প্রতীক্ষা? নাকি সময়কে অতিক্রম করে সমন্বয় ঘটানো - তার জন্য প্রচেষ্টা? সেটাই প্রশ্ন। অবিশ্বাস্য শোনালেও, উত্তর, মাটি-মানুষে তৈরী সেই context-এই।